দৈনিক সংবাদ

তারিখ .. 27 NOV 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম .. ৬ ...

৪৭

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কর্মবিরতি

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৬শে নভেম্বর। উপাচার্য ভবনে হামলাকারী সশস্ত্র শিবিরকর্মীদের গ্রেফতার ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবীতে চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্য আহূত লাগাতার ছাত্র ধর্মঘটের আজ মঙ্গলবার চতুর্থ দিবস অতিবাহিত হয়েছে।

চট্টগ্রামঃ পৃঃ ৮ কঃ ৬

## চট্টগ্রামঃ শিক্ষকদের কর্মবিরতি

( ১ম পাতার পর )

এদিকে আজ থেকে শিক্ষকদের কর্মবিরতিও শুরু হয়েছে। অপরদিকে শিবির বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও হলগুলোতে তাদের সন্ত্রাসী তৎপরতা আরো জোরদার করেছে।

শিবিরকর্মীরা আজ বিশ্ববিদ্যা-লয়ের ১ ও ২ নং গেটে তালা লাগিয়ে দেয়। তারা কাউকে ভেতরে ঢুকতে কিংবা বের হতে দেয়নি। এছাড়া শিবিরকর্মীরা উপাচার্যের বাসভবনমুখী রাস্তায় ব্যারিকেড বসায়। তারা উপাচার্যের বিরুদ্ধে আজো নানারকম শ্লোগান দেয়।